

নওগাঁ জেলা প্রাণিসম্পদ বিভাগীয় মাসিক সমন্বয় সভা(অক্টোবর/২২) এর কার্যবিবরণী :

সভাপতি : মোঃ মহির উদ্দীন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নওগাঁ।
 সভার স্থান : জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সভা কক্ষ।
 সভার তারিখ : ১৯/১০/২০২২ইং।
 সভার সময় : সকাল-১০.০০ ঘটিকা।
 সভায় উপস্থিত সদস্য গণের হাজিরা পরিশিষ্ট - “ ক ” তে সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। প্রথমেই তিনি সভা আলোচ্য সূচী উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নির্ণয় সিদ্ধান্তগুলো গৃহিত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	২০২২-২৩ APA কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা : বিভাগীয় সম্প্রসারণ বিষয়ে আলোচনা কালে সভার সভাপতি মহোদয় অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থ বছরের সেপ্টেম্বর/২২ পর্যন্ত APA আওতাভুক্ত কিছু কার্যক্রমের লক্ষ্যমাত্রা সন্তোষজনক না হওয়ায় সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে আলোচনা করেন এবং সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণকে আন্তরিকতার সাথে এ.পি.এ কার্যক্রমের ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	১। ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)
২.	তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ বিভাগীয় সম্প্রসারণ বিষয়ে আলোচনা কালে সভার সভাপতি মহোদয় অবহিত করেন যে, সকল উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করেন। অফিস আদেশ, নোটিশ, APA চুক্তি এবং দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ছবি সম্বলিত তথ্যাদি তথ্য বাতায়নে সবসময় আপডেট রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	১। যে কোন তথ্য আপডেট হওয়ায় সাথে সাথে তথ্য বাতায়ন হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)
৩.	U2C ও BAHIS কার্যক্রম এবং প্রতিবেদন বিষয়ে আলোচনাঃ বিভাগীয় সম্প্রসারণ বিষয়ে আলোচনা কালে সভার সভাপতি মহোদয় অবহিত করেন যে, U2C ও BAHIS কার্যক্রম এর গাইড লাইন মোতাবেক কাজ করার জন্য ভেটেরিনারি সার্জনদেরকে নির্দেশনা প্রদান করেন এবং ভেটেরিনারি সার্জনকে U2C ও BAHIS কার্যক্রম এর প্রতিবেদন নিয়মিতভাবে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন।	১। U2C ও BAHIS কার্যক্রম এর গাইড লাইন মোতাবেক নিয়মিত ভাবে প্রতিবেদন আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) ভেটেরিনারি সার্জন (সকল)
৪.	সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ বিভাগীয় সম্প্রসারণ বিষয়ে আলোচনা কালে সভার সভাপতি মহোদয় অবহিত করেন যে, APA (২০২২-২৩) বাস্তবায়নে সুশাসন ও সংস্কার মূলক কর্মসম্পাদনের ক্ষেত্র এর কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা করা হয়। মাসিক প্রতিবেদন সহ অধিদপ্তর/বিভাগীয় দপ্তর থেকে চাহিত যে কোন তথ্যাদি চাহিবা মাত্র জেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রেরণের নিমিত্তে নিজ দপ্তরের সকল তথ্যাদি হালনাগাদকরণ সহ সংরক্ষণের জন্য সকলকে অনুরোধ জানান।	১। নিজ দপ্তরের সকল তথ্যাদি হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ২। উদ্ধর্তন কর্তৃপক্ষের চাহিত তথ্যাদি যথাসময়ের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) ভেটেরিনারি সার্জন (সকল)
৫.	মাসিক রিপোর্টিং বিষয়ে আলোচনাঃ বিভাগীয় সম্প্রসারণ বিষয়ে আলোচনা কালে সভার সভাপতি মহোদয় অবহিত করেন যে, মাসিক রিপোর্ট যথাসময়ে প্রেরণের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রতি মাসের মাসিক রিপোর্ট নির্ভুলভাবে আন্তরিকতার সাথে দাখিল করার জন্য অনুরোধ করেন।	১। সকল উপজেলার মাসিক রিপোর্ট নির্ভুলভাবে দাখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল) এবং রিপোর্ট সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী (সকল)
৬.	চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ বিভাগীয় সম্প্রসারণ বিষয়ে আলোচনা কালে সভার সভাপতি মহোদয় অবহিত করেন যে, জেলা প্রাণিসম্পদ দপ্তর, নওগাঁ এর আওতাধীন সকল উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নে বিভাগীয় সকল কর্মকর্তার সচেতন থাকতে হবে বলে সভার সভাপতি মনে করেন।	১। উন্নয়ন প্রকল্পের সকল কার্যক্রম হালনাগাদ তথ্য জেলা দপ্তরে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল)প্রকল্প (সকল) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী

